

ক্যান্টনমেন্ট বোর্ড হাইস্কুল জাহাংগীরাবাদ
বগুড়া ক্যান্টনমেন্ট, বগুড়া।

বিদ্যালয় পরিচিতি

বগুড়া শহরের সন্নিকটে ঢাকা রংপুর মহাসড়ক সংলগ্ন জাহাঙ্গীরাবাদ সেনানিবাসের অভ্যন্তরে বিদ্যালয়টি অবস্থিত। আজ হতে প্রায় ৩৬ বছর পূর্বে ১৯৮৪ সালে একশুভক্ষণে “গোহাইল প্রাথমিক বিদ্যালয়” হিসাবে ভিত্তি প্রস্তর স্থাপন ও উদ্বোধন করেছিলেন তৎকালীন এরিয়া কমান্ডার মেজর জেনারেল আব্দুস সালাম পিএসসি। ১৯৮৮ সালে বিদ্যালয়টি নিম্নমাধ্যমিক ও ১৯৮৯ সালে মাধ্যমিক বিদ্যালয়ের কার্যক্রম শুরু হয় এবং শিক্ষার্থীরা ১৯৯১ সালে প্রথম এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করে। ইংরেজি বর্ণ U (ইউ) আকৃতির দোতলা ভবনটি অতি সহজেই সবার দৃষ্টি আকর্ষণ করে।